গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৯১/২০১৯-২০২০
ঢাকা ১৯ মার্চ বৃহস্পতিবার ২০২০, ৫ চৈত্র ১৪২৬

১। বিভাগীয় পর্যায়ে শীঘ্রই করোনা ইউনিট স্থাপন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী
২। দেশে করোনায় প্রথম মৃত্যু, আরও চার জন শনাক্ত, মোট আক্রান্ত ১৪ জন : আইইডিসিআর
৩। সবাই মিলে করোনা মোকাবিলা করব , যেখানে প্রয়োজন সেখানেই শাটডাউন : সেতুমন্ত্রী
৪। কোয়ারেন্টাইন না মানলে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী
৫। করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে দেশের মানুষের পাশে না দাঁড়িয়ে বিএনপি বিষোদগার করছে : তথ্যমন্ত্রী
৬। করোনাভাইরাস নিয়ন্ত্রণে পর্যাপ্ত বরাদ্দ দেওয়া হবে : অর্থমন্ত্রী
৭। করোনার অজুহাতে চালের দাম বাড়ালে কঠোর ব্যবস্থা : খাদ্যমন্ত্রী
৮। করোনাভাইরাসের কারণে আতঙ্কিত হয়ে কোনো পণ্য অতিরিক্ত কেনার প্রয়োজন নেই : সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী
৯। করোনাভাইরাস প্রতিরোধে সব মন্ত্রণালয়কে সম্মিলিতভাবে কাজ করতে হবে : সংসদীয় কমিটি
১০। সাশ্রয়ী মূল্যে করোনা শনাক্তের কিট উদ্ভাবনের দাবি গণস্বাস্থ্য কেন্দ্রের
১১। করোনা মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা দেবে চীন
১২। করোনাভাইরাসের বিস্তারে বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়াকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সতর্ক বার্তা
১৩। বিশ্ব মহামারি মোকাবিলায় ৬৫০ কোটি ডলারের জরুরি তহবিল ঘোষণা এডিবি'র বরাদ্দ বাড়ানোর ঘোষণা দিল বিশ্বব্যাংক
১৪। নদ-নদী খননে ৩৩৫ কোটি টাকার ক্রয় প্রস্তাব অনুমোদন মন্ত্রিসভা কমিটিতে
১৫। ঢাকার জলাবদ্ধতা নিরসনে খালগুলো পুনরুদ্ধার করতে হবে : আন্তঃমন্ত্রণালয় সভায় স্থানীয় সরকার মন্ত্রী

১। বিভাগীয় পর্যায়ে শীঘ্রই করোনা ইউনিট স্থাপন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

দেশের বিভাগীয় শহরগুলোতে দ্রুততম সময়ের মধ্যে করোনা ইউনিট চালু করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (১৮ মার্চ বুধবার) সচিবালয়ে করোনা মোকাবিলায় করণীয় শীর্ষক এক সভায় স্বাস্থ্যমন্ত্রী বলেন, খুব দ্রুতই দেশের ৮টি বিভাগে নতুন করোনা ইউনিট স্থাপন করা হবে। এ ইউনিটগুলোর মাধ্যমে ভাইরাসে আক্রান্ত মানুষের তথ্য, চিকিৎসা সুবিধাসহ সব ধরনের মনিটরিং জোরদার করা হবে। তাছাড়া ঢাকার বাইরেও করোনা পরীক্ষার ব্যবস্থা করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

২। দেশে করোনায় প্রথম মৃত্যু, আরও চার জন শনাক্ত, মোট আক্রান্ত ১৪ জন : আইইডিসিআর

বৈশ্বিক মহামারির রূপ নেওয়া করোনা ভাইরাসের সংক্রমণে বাংলাদেশে প্রথমবারের মতো এক জনের মৃত্যু হয়েছে। তার বয়স ৭০-এর বেশি। তবে বিদেশ থেকে আসা সংক্রমিত এক আত্মীয়ের মাধ্যমে তিনি আক্রান্ত হন। তার আগে থেকেই ফুসফুসে সমস্যা ছিল, এছাড়া ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও কিডনি জটিলতা ছিল। গতকাল (১৮ মার্চ বুধবার) সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা এ তথ্য জানান। তিনি বলেন, গত ২৪ ঘণ্টায় আরো চার জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হওয়ায় বাংলাদেশে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪ জনে। তিনি আরো বলেন, নতুন আক্রান্ত চার জনের মধ্যে একজন নারী ও তিন জন পুরুষ। তাদের মধ্যে একজন আগে আক্রান্ত একজনের সংস্পর্শে এসেছিলেন। বাকি তিন জন বিদেশফেরত, দুজন ইতালি থেকে এবং একজন কুয়েত থেকে এসেছেন। বয়স ২০ থেকে ৫০ বছরের মধ্যে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৩। সবাই মিলে করোনা মোকাবিলা করব
যেখানে প্রয়োজন সেখানেই শাটডাউন : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, করোনাভাইরাসের কারণে অন্যান্য দেশের মতো বাংলাদেশেও যেখানে যেখানে প্রয়োজন, সেখানে 'শাটডাউন' করা হবে। কারণ এখানে সবার আগে মানুষকে বাঁচাতে হবে। সেজন্য যা যা করণীয় তা আমরা করব। রাজনৈতিক ও গোষ্ঠীচিন্তার ঊর্ধ্বে উঠে করোনা মোকাবিলায় সব রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার অনুরোধ করেন তিনি। গতকাল (১৮ মার্চ বুধবার) সচিবালয়ে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিতি এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৪। কোয়ারেন্টাইন না মানলে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, করোনাভাইরাস আক্রান্ত দেশ থেকে যারা আসছে, তাদের ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকতে হবে। আর কেউ তা না মানলে আইন প্রয়োগ করা হবে। গতকাল (১৮ মার্চ বুধবার) রাজধানীর মতিঝিলে এনআরবিসি কমার্শিয়াল ব্যাংকের প্রধান কার্যালয়ে 'মুজিব কর্নার' উদ্বোধন শেষে তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন। মন্ত্রী বলেন, করোনাভাইরাসকে সঠিক সময়ে আমলে না নিয়ে ইতালি ও স্পেন ভয়াবহ পরিস্থিতিতে পড়েছে। বাংলাদেশ এমন ভুল করতে চায় না। যারা হোম কোয়ারেন্টাইনের নির্দেশনা মানবে না তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১),**সমকাল** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে দেশের মানুষের পাশে না দাঁড়িয়ে বিএনপি বিষোদগার করছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বিএনপির অনেকেই মন্তব্য করছেন, করোনাভাইরাস নিয়ে সরকার লুকোচুরি করছে। এটি আদৌ সত্য নয়। সরকার এ বিষয়ে কোনো লুকোচুরি করছে না। বরং প্রতিদিন সংবাদসম্মেলনের মাধ্যমে দেশবাসীকে সর্বশেষ তথ্য জানাচ্ছে। করোনায় জনগণের পাশে না দাঁড়িয়ে বিএনপি শুধু বিষোদগার করছে। কিছু লিফলেট ছাপিয়ে দলটি জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। গতকাল (১৮ মার্চ বুধবার) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ নারী সাংবাদিক কেন্দ্রের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৬। করোনাভাইরাস নিয়ন্ত্রণে পর্যাপ্ত বরাদ্দ দেওয়া হবে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, করোনাভাইরাসের চিকিৎসা কিংবা এর নিয়ন্ত্রণে যত টাকা প্রয়োজন হবে তা দিতে প্রস্তুত রয়েছে সরকার। প্রয়োজনে স্বাস্থ্য মন্ত্রণালয় যদি চীনের মতো বিশেষ হাসপাতাল তৈরির উদ্যোগ নেয়, তাতেও অর্থায়ন করা হবে। গতকাল (১৮ মার্চ বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫),**সমকাল** (পৃ.৩,ক.৫) **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৮)।

৭। করোনার অজুহাতে চালের দাম বাড়ালে কঠোর ব্যবস্থা : খাদ্যমন্ত্রী

করোনার অজুহাতে চালের দাম বাড়ালে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। গতকাল (১৮ মার্চ বুধবার) সচিবালয়ে বাজার মনিটরিং নিয়ে এক সংবাদসম্মেলনে তিনি এ হুঁশিয়ারি দেন। উদ্ভূত পরিস্থিতিতে গতকাল (১৮ মার্চ বুধবার) ব্যবসায়ীদের চিঠি দেওয়া হবে জানিয়ে মন্ত্রী বলেন, অযথা ঘরে ঘরে দু-তিন মাসের চাল মজুদ করার কোনো প্রয়োজন নেই। কোনো ব্যবসায়ী বা মিল মালিক যদি সংকট তৈরি করার চেষ্টা করেন, তাহলে তাদের বিরুদ্ধে আইনগতভাবে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫) **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭) ।

৮। করোনাভাইরাসের কারণে আতঙ্কিত হয়ে কোনো পণ্য অতিরিক্ত কেনার প্রয়োজন নেই : সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, করোনাভাইরাসের কারণে আতঙ্কিত হয়ে কোনো পণ্য অতিরিক্ত কেনার প্রয়োজন নেই। তিনি বলেন, দেশে নিত্যপ্রয়োজনীয় সব পণ্যের মজুদ, সরবরাহ স্বাভাবিক রয়েছে। তাই বাড়তি কেনার দরকার নেই। তিনি আরো বলেন, আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে চাহিদার কয়েক গুণ ভোজ্যতেল, ডাল, চিনি, পেঁয়াজ, রসুন, ছোলা, লবণসহ সব পণ্য মজুত করা হয়েছে। এ মজুতের পরিমাণ বিগত বছরের চেয়ে ৪০ শতাংশ বেশি। এবার টিসিবির মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রির সক্ষমতা কয়েক গুণ বাড়ানো হয়েছে। আগামী এপ্রিল মাসের প্রথম থেকেই টিসিবি ন্যায্যমূল্যে এসব পণ্য খোলা বাজারে বিক্রি শুরু করবে। গতকাল (১৮ মার্চ বুধবার) সচিবালয়ে নিত্যপণ্যের মজুত, সরবরাহ ও মূল্য পরিস্থিতি নিয়ে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৭,ক.২), **সংবাদ** (পৃ.১৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

৯। করোনাভাইরাস প্রতিরোধে সব মন্ত্রণালয়কে সম্মিলিতভাবে কাজ করতে হবে : সংসদীয় কমিটি

করোনাভাইরাস প্রতিরোধে ইউরোপ, আমেরিকাসহ উন্নত বিশ্বের ব্যর্থতায় শঙ্কা প্রকাশ করে বাংলাদেশের মানুষকে বাঁচাতে সব মন্ত্রণালয়কে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছে সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল (১৮ মার্চ বুধবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির ৮ম বৈঠকে করোনা প্রতিরোধে বিস্তারিত আলোচনা শেষে এ আহ্বান জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১),**যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

১০। সাশ্রয়ী মূল্যে করোনা শনাক্তের কিট উদ্ভাবনের দাবি গণস্বাস্থ্য কেন্দ্রের

সহজ উপায়ে করোনাভাইরাস (কভিড-১৯) পরীক্ষার পদ্ধতি উদ্ভাবন করার দাবি করেছে গণস্বাস্থ্য কেন্দ্র। মাত্র ৩০০ টাকা মূল্যের এ কিট গণস্বাস্থ্যকেন্দ্র এবং আরএনএ বায়োটেক যৌথভাবে তৈরি করতে সক্ষম হয়েছে। গণস্বাস্থ্যকেন্দ্র জানিয়েছে, এ কিট বর্তমানে সরকারের ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদনের অপেক্ষায় আছে। তাদের অনুমোদন মিললে ১৫ দিনের মধ্যে তারা কিট উৎপাদনে যাবে বলে জানিয়েছে এ কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ্ চৌধুরী। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১) **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

১১। করোনা মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা দেবে চীন

নতুন করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে বাংলাদেশকে সহায়তা দেবে চীন। গতকাল (১৮ মার্চ বুধবার) বাংলাদেশ সরকারকে এ কথা জানিয়েছে ঢাকায় চীনা দূতাবাস। গতকাল (১৮ মার্চ বুধবার) চীনা দূতাবাসের ফেসবুক পেজে দেওয়া এক বার্তায় বলা হয়েছে, বন্ধুত্বপূর্ণ বাংলাদেশিদের জন্য পর্যাপ্ত পরিমাণে করোনাভাইরাস পরীক্ষার কিটসহ এক্ষেত্রে জরুরি চিকিৎসা সামগ্রী সরবরাহ করা হবে। এ করোনাভাইরাসের প্রতিরোধে চীন সব সময় বাংলাদেশের সবচেয়ে নির্ভরযোগ্য অংশীদার থাকবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

১২। করোনাভাইরাসের বিস্তারে বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়াকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সতর্ক বার্তা

প্রাণঘাতী নোভেল করোনাভাইরাসে আক্রান্ত এবং মৃতের সংখ্যা বেড়েই চলছে। বাংলাদেশ ও ভারতসহ দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভাইরাসে আক্রান্তের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি মৃতের সংখ্যায়ও উল্লম্ফন ঘটছে। এরই মধ্যে দক্ষিণ-পূর্ব এশিয়াকে কড়া সতর্ক বার্তা দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লিউএইচও)। প্রতিদিনের মতো ইতালিতে ২৪ ঘন্টায় ৪৭৫ জনের মৃত্যু হয়েছে। বিশ্বে আক্রান্তের সংখ্যা ২ লাখ ছাড়িয়েছে এবং মারা গেছে ৮ হাজারের বেশি। সুস্থ হয়ে বাড়ি ফিরেছে প্রায় ৮০ হাজার। এদিকে যুক্তরাষ্ট্রের ৫০টি রাজ্যই এখন করোনাভাইরাসের কবলে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১৫,ক.৭),

১৩। বিশ্ব মহামারি মোকাবিলায় ৬৫০ কোটি ডলারের জরুরি তহবিল ঘোষণা এডিবি'র বরাদ্দ বাড়ানোর ঘোষণা দিল বিশ্বব্যাংক

করোনাভাইরাস (কোভিড-১৯) মহামারির প্রভাব মোকাবিলায় ৬৫০ কোটি ডলারের জরুরি তহবিলের ঘোষণা দিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)।গতকাল (১৮ মার্চ বুধবার) এডিবির প্রেসিডেন্ট মাসাতাসুগু আসাকাওয়া এক বিবৃতিতে এ তথ্য জানান। এদিকে গতকাল বিশ্বব্যাংকের বোর্ড সভা জরুরিভাবে আরো ২০০ কোটি ডলার বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। বিশ্বব্যাংকের গ্রুপ সদস্য ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশন (আইএফসি) বাড়তি এ তহবিলের জোগানদাতা। ফলে করোনা ভাইরাসের মহামারি মোকাবিলায় বিশ্বব্যাংকের তহবিলের আকার দাঁড়িয়েছে ১৪ বিলিয়ন বা ১৪শ কোটি ডলার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

১৪। নদ-নদী খননে ৩৩৫ কোটি টাকার ক্রয় প্রস্তাব অনুমোদন মন্ত্রিসভা কমিটিতে

পুরাতন ব্রহ্মপুত্র নদ, ধরলা, তুলাই ও পুনর্ভবা নদীর নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধারের জন্য পাঁচটি লটে ড্রেজিং (খনন) কাজের ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। ১০ প্রতিষ্ঠান ৩৩৫ কোটি টাকা ব্যয়ে এসব নদী খননের কাজ পেয়েছে। গতকাল (১৮ মার্চ বুধবার) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১)।

১৫। ঢাকার জলাবদ্ধতা নিরসনে খালগুলো পুনরুদ্ধার করতে হবে : আন্তঃমন্ত্রণালয় সভায় স্থানীয় সরকার মন্ত্রী

রাজধানীর জলাবদ্ধতা নিরসনে খালগুলো পুনরুদ্ধার করার নির্দেশ দিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। গতকাল (১৮ মার্চ বুধবার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে আন্তঃমন্ত্রণালয় সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশনা দেন। এ সমন্বয় সভায় ঢাকা মহানগরীর ড্রেনেজ ব্যবস্থাপনা নিয়ে সিটি কর্পোরেশনের কর্মকর্তাদের ওপর ক্ষোভ প্রকাশ করেন স্থানীয় সরকার মন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৪)।

সম্পাদকীয়

ক. ইত্তেফাক : করোনাভাইরাসে বাংলাদেশে প্রথম মৃত্যুর খবর রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের মাধ্যমে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ভাইরাস প্রতিরোধে সবাইকে সচেতন ও সতর্ক হওয়ার আহ্বান।

খ. সমকাল : রাজধানীতে করোনা সংকটকে পুঁজি করে হঠাৎ করে সব ধরনের চাল ও ডালের দাম বেড়ে গেছে উল্লেখ করে নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণে কঠোর নজরদারির সুপারিশ।

গ. ইনকিলাব : চলতি অর্থবছরের প্রথম ৮ মাসে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের হার ৩৭.১ শতাংশ মাত্র উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. যায়যায়দিন : যশোরের মনিরামপুরে এক কলেজছাত্র খুন হয়েছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে এ ধরনের ভয়াবহ ঘটনার পুনরাবৃত্তিরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. ইন্ডিপেনডেন্ট: রাজশাহীর রেশম শিল্পের উন্নয়নে এক হাজার কোটি টাকার পরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নের দ্বারা রেশম শিল্পের হারানো গৌরব ফিরে আসার প্রত্যাশা।

চ. ডেইলি সান : করোনাভাইরাস মোকাবিলায় জনগণের সহায়তায় আইইডিসিআর এর হটলাইনের সেবার পরিসর আরো বাড়ানোর সুপারিশ।

ছ. নিউ এজ : রাজধানীর চারপাশের শীতলক্ষ্যা, বুড়িগঙ্গা, তুরাগ ও বালু নদীকে দখল-দূষণের হাত থেকে রক্ষায় সমন্বিত উদ্যোগ জোরদার করার আহ্বান।

উপসম্পদকীয়

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশসহ বিভিন্ন উন্নয়নশীল দেশে মোবাইল ব্যাংকিং-আর্থিক অর্ন্তভুক্তিতে বড় ধরনের পরিবর্তন এনেছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'বিদ্যুৎসাশ্রয় এবং আমাদের করণীয়** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা মেটানোর জন্য বিদ্যুতের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং পাবে, এক্ষেত্রে বিদ্যুৎ উৎপাদনের সঙ্গে সঙ্গে জনগণের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা